ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# সংবাদ বিজ্ঞপ্তি

## কর-ন্যায়পাল আইন রহিতকরণে সংসদে বিল উত্থাপনে টিআইবি উদ্বিগ্ন

**ঢাকা, বুধবার, ১৬ মার্চ ২০১১:** কর-ন্যায়পাল প্রতিষ্ঠানটি আইন করে বন্ধ করে দেয়ার লক্ষে কর-ন্যায়পাল আইন রহিতকরণ বিল গত সোমবার সংসদে উত্থাপিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করেছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)।

সংসদে উত্থাপিত উক্ত বিলের পেছনে যুক্তি হিসাবে বলা হয়েছে কর ন্যায়পাল আইন ও বিধিমালার সাথে কর সংক্রান্ত আইন সমূহের মধ্যে সাংঘর্ষিক বিষয় রয়েছে। 'সেক্ষেত্রে যথাযথ সংস্কারের মাধ্যমে সাংঘর্ষিক বিষয়সমূহ দূরীভূত করার প্রয়াসের পরিবর্তে ন্যায়পাল আইনটি রহিত করে দেয়া মাথা ব্যথার কারনে মাথা কেটে ফেলার নামান্তর', বলেন টিআইবি'র নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান। একইভাবে আরো যুক্তি দেয়া হয়েছে যে, কর-ন্যায়পাল আইন ও বিধিমালার আওতায় সুপারিশ বাস্তবায়নের বাধ্যবাধকতা না থাকায় প্রতিষ্ঠানটি অকার্যকর হয়ে পড়ে। যদি তাই হয় এবং সরকার কর আদায় ও কর প্রশাসনে স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠায় যদি অঙ্গীকারবদ্ধ হন তাহলে প্রয়োজন এই প্রতিষ্ঠানের সুপারিশ কার্যকর করার উদ্দেশ্যে যথাযথ আইনী সংস্কার করা। এটি বন্ধ করা নয়।

কর-ন্যায়পাল কার্যালয় "একটি ব্যয়সাধ্য ও অকার্যকর প্রতিষ্ঠান হিসেবে পরিগণিত হইয়াছে" মর্মে সংসদে প্রদত্ত বিবৃতিকে "স্ববিরোধী" আখ্যায়িত করে জনাব ইফতেখারুজ্জামান বলেন, এক্ষেত্রেও প্রতিষ্ঠানটি কতটুকু ব্যয়সাধ্য ও অকার্যকর হয়েছে তার বস্তুনিষ্ঠ মূল্যায়ন না করে সাংবিধানিক অঙ্গীকারের আংশিক পূরণের লক্ষে প্রতিষ্ঠিত এই কার্য্যালয়টি বন্ধ করার যুক্তি গ্রহণযোগ্য হতে পারে না। প্রশ্ন উঠতে পারে, তাহলে কি যথাযথ মূল্যায়ন ব্যতিরেকে রাষ্ট্রের সকল 'ব্যয়সাধ্য ও অকার্যকর' প্রতিষ্ঠান বন্ধ করে দিতে হবে?

কর খাতে স্বচ্ছতা, বস্তুনিষ্ঠতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠার লক্ষে কর-ন্যায়পাল প্রতিষ্ঠানটি বিলুপ্ত করার সিদ্ধান্ত পুনর্বিবেচনা করে একটি কার্যকর কর-ন্যায়পাল কার্য্যালয় প্রতিষ্ঠা করার জন্য সংশ্লিষ্ট আইনসমূহের প্রয়োজনীয় পরিবর্তন-পরিমার্জন করার দাবি জানিয়েছে টিআইবি।

টিআইবি মনে করে, দেশের বৃহত্তর স্বার্থে কর-ন্যায়পাল প্রতিষ্ঠানটি সম্পর্কে সংসদ ও নাগরিক সমাজসহ সকলস্তরে ব্যাপক আলোচনা জরুরি। একতরফাভাবে কর-ন্যায়পাল আইন বিলুপ্তির উদ্যোগ কর-ব্যবস্থায় দুর্নীতি প্রতিরোধ ও জবাবদিহিতা নিশ্চিতকরণে সরকারের নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়ন প্রক্রিয়াকে ব্যাহত করবে এবং দুর্নীতি ও অনিয়মকে উৎসাহিত করবে।

**গণমাধ্যম যোগাযোগ**

**রিজওয়ান-উল-আলম**
পরিচালক-আউটরিচ এন্ড কমিউনিকেশন
ফোন: ০১৭১৩০৬৫০১২
ই-মেইল: rezwan@ti-bangladesh.org